

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং- এবাএখা/প্রশা/কারণ দর্শানো/১২৮/২০১৭- ১৩৬৪/২৬

তারিখঃ ২১.০৩.২০১৯

বিষয়ঃ চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল প্রক্রিয়া অবহিতকরণ।


জনাব সনজিদ দাস

মাঠসহকারী, হরিপুর উপজেলা, ঠাকুরগাঁও জেলা।

বিগত ১৫.০৩.২০১৯ তারিখে মুর্তুজা ইন্সটিটিউট, বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর, নীলফামারীতে একটি বাড়ি একটি খামার প্রকল্পের অর্ধবার্ষিক কর্মকান্ড পর্যালোচনা সম্মেলনে আপনার কর্মকান্ড পর্যালোচনায় দেখা যায় আপনার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে সদস্যদের নিকট থেকে সঞ্চয় আদায়ের হার ৩৯.১০% এবং সদস্যদের নিকট থেকে ঋণের কিস্তি আদায়ের হার ২৭.৪০% মাত্র। যা চরম হতাশাব্যঞ্জক। এতে প্রতীয়মান হয়, আপনি প্রকল্পের কাজে চরম গাফিলতি করছেন। আপনার গাফিলতির কারণে উক্ত এলাকায় প্রকল্পের কার্যক্রম ক্ষতিগ্রস্ত হচ্ছে। যা মোটেই সমীচীন নয়। প্রকল্প কাজে গাফিলতির কারণে চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬নং ধারা অনুযায়ী নিয়োগের চুক্তিপত্র বাতিলের বিধান রয়েছে।

এমতাবস্থায়, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আপনাকে পরবর্তী দু'মাস সময় প্রদান করা হলো। উক্ত সময়ের মধ্যে আপনার কাজের অগ্রগতি না হলে আর কোন পত্রালাপ ব্যতিরেকে আপনার চুক্তিভিত্তিক নিয়োগপত্র বাতিল করা হবে।

বিষয়টি জরুরি।



(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক-----জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৩। উপপরিচালক, বিআরডিবি-----জেলা।
- ৪। জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প-----জেলা।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-----উপজেলা।
- ৬। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, -----উপজেলা।